

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

পত্র নং বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/৩৪৩৬(২৫০)/১৯

তারিখ : ৪ বৈশাখ ১৪২৬
১৭ এপ্রিল ২০১৯

আঞ্চলিক সম্পাদক

বাংলাদেশ স্কাউটস

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর/ময়মনসিংহ/রেলওয়ে/নৌ/এয়ার অঞ্চল।

বিষয়ঃ ২০১৯ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউটদেরকে স্বীকৃতি প্রদানের জন্য তালিকা প্রেরণ সম্পর্কীয়।


জনাব,

বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে প্রতিবছরের ন্যায় এবারো এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউটদেরকে স্বীকৃতি প্রদান করা হবে। স্বীকৃতি প্রদানের লক্ষ্যে আপনার অঞ্চলের আওতাধীন সকল জেলা থেকে ২০১৯ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউটদের নামের তালিকা (সফট ও হার্ড কপি) নিম্নবর্ণিত ছক মোতাবেক ফলাফল প্রকাশের ১৫ দিনের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ জানাই।

ক্রঃ	জেলা নাম	উপজেলা নামঃ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	পরীক্ষার নাম	ফলাফল	স্কাউট যোগ্যতা	স্কাউট এর তথ্যঃ			পিতা/মাতার তথ্যঃ		ইউনিট লিডারের তথ্যঃ	
							নাম (ব্যাংক হিসাব অনুযায়ী)	জন্ম নিবন্ধন সনদ নং	ব্যাংকের নাম, হিসাব নং ও শাখা	নাম	মোবাইল ও ই-মেইল	নাম	মোবাইল ও ই-মেইল

উল্লেখ্য যে, স্কাউটদের নামের তালিকার সাথে আবশ্যিকভাবে তাদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত মার্কশীট, আমার স্কাউট রেকর্ড বই ও জন্ম নিবন্ধন সনদের ফটোকপি প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত তথ্য জাতীয় সদর দফতর সার্বিক পর্যালোচনা করে স্বীকৃতি প্রদানের জন্য ২০১৯ সনে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট এর নাম চূড়ান্ত করবে।

মেধাবী স্কাউটদের স্বীকৃতি প্রদান কার্যক্রমে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করি।



(মুহাম্মদ আবু সালেক)

পরিচালক (স্পেশাল ইভেন্টস)

বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। প্রফেশন্যাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

সদয় জ্ঞাতার্থে :

- ১। জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস ও সচিব, রেলপথ মন্ত্রণালয়;
- ২। জাতীয় উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) সকল, বাংলাদেশ স্কাউটস;
- ৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।